

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়
মৌলভীবাজার
www.dpe.moulvibazar.gov.bd

স্মারক নং : ৩৮.০১.৫৮০০.০০০.৪৭.০০১.২৪-১৬৪৯(১০)


তারিখ : ১১ সেপ্টেম্বর ২০২৪।

বিষয় : “বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০২৩” অনুযায়ী নিবন্ধন কার্যক্রম সম্পাদন প্রসংগে।

সূত্র : প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৮.০১.০০০০.৪০০.৯৯.০০৭.২৩-৯০৩, তারিখ : ১০/০৯/২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০২৩ অনুযায়ী প্রতিটি বেসরকারি প্রাথমিক বিদ্যালয়/ কিন্ডার গার্টেন বিদ্যালয়কে পাঠদানের অনুমতি গ্রহণসহ নিবন্ধন করার নির্দেশনা রয়েছে। সূত্রোক্ত স্মারকের মাধ্যমে এ সংক্রান্ত কার্যক্রম ত্বরান্বিত করার জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হয়েছে।

যেহেতু আপনার প্রতিষ্ঠানটি পাঠদানের অনুমতি/ নিবন্ধন প্রাপ্ত নয় সে প্রেক্ষিতে বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০২৩ অনুযায়ী নির্ধারিত ফরমে তথ্য-প্রমাণকসহ আগামী ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে উপজেলা শিক্ষা অফিসারের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারী বরাবর পাঠদানের অনুমতির আবেদন দাখিল করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।


(মোঃ খোরশেদ আলম)
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
মৌলভীবাজার।

☎ ০২৯৯৬৬৮৩৩০০

ই-মেইল : dpeomolv@gmail.com

সভাপতি/প্রধান শিক্ষক

..... বেসরকারি প্রাথমিক বিদ্যালয়/ কিন্ডারগার্টেন
....., মৌলভীবাজার।

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
- ২। পরিচালক (পলিসি ও অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
- ৩। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, সিলেট বিভাগ, সিলেট।
- ৪। উপজেলা শিক্ষা অফিসার, (সকল), মৌলভীবাজার- তার আওতাধীন বেসরকারি প্রাথমিক বিদ্যালয়/কিন্ডার গার্টেন স্কুলে এই পত্র বিতরণপূর্বক প্রাপ্তি স্বীকার নিজ অফিসে সংরক্ষণ করার অনুরোধসহ।
- ৫। সংরক্ষণ নথি।